## কিন্ডারগার্টেনে HIV সম্পর্কে শিক্ষা

কিন্ডারগার্টেনের অনুশীলনীতে সেসব মৌলিক ধারণা ও দক্ষতা অন্তর্ভুক্ত থাকে যা শিক্ষার্থীর ভবিষ্যত HIV রোধ শিক্ষা-নির্দেশনা ও সারা জীবন সুস্থ থাকায় প্রয়োজন হবে।

| পাঠ বা লেসন # | পাঠ বা লেসনের শিরোনাম | ধারণা ও দক্ষতার প্রতি অভিনিবেশ |
|---|---|---|
| 1 | সুস্থ থাকা | ▪ সুস্বাস্থ্য বজায় রাখার মৌলিক অভ্যাসসমূহ শেখা।<br>▪ সুস্থতা বজায় রাখা ও উন্নত করার জন্য সহায়ক আচরণসমূহ অনুশীলন করা। |
| 2 | জীবাণু বিস্তার প্রতিহত করা | ▪ জীবাণু কীভাবে রোগ সৃষ্টি করে সেটি শেখা।<br>▪ জীবাণু ছড়ান এবং অসুস্থতা প্রতিরোধের বিভিন্ন উপায়গুলি জানা। |
| 3 | আমার চমৎকার শরীরটি আমারই! | ▪ রোগ প্রতিরোধ ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট শরীরের অঙ্গ, এবং যৌনাঙ্গের চিকিৎসা-বিজ্ঞানসম্মত নাম জানা।<br>▪ অনিরাপদ কিংবা অস্বস্তিকরভাবে স্পর্শ করার ঘটনা কোনো আস্থাভাজন প্রাপ্তবয়স্ককে বলা। |
| 4 | আমার দেহের সুস্থ গণ্ডী | ▪ গণ্ডী নির্ধারণ এবং অন্যদের গণ্ডীর প্রতি কীভাবে মর্যাদা প্রদর্শন করতে হয় তা শেখা।<br>▪ অনুমতি ছাড়া যে অন্য কাউকে স্পর্শ করার অধিকার নেই সেটি শেখা।<br>▪ অনিরাপদ কিংবা অস্বস্তিকরভাবে স্পর্শ করার ঘটনা কোনো আস্থাভাজন প্রাপ্তবয়স্ককে বলা। |
| 5 | আমার আস্থাভাজন প্রাপ্ত-বয়স্ক খুঁজে নেয়া | ▪ আস্থা এবং একজন প্রাপ্তবয়স্ক কীভাবে আস্থাভাজন হতে পারেন তা বোঝা।<br>▪ কেউ অসুস্থ হলে বা অনিরাপদ বোধ করলে সহায়তা প্রদানকারী বিশ্বস্ত প্রাপ্ত-বয়স্ক ব্যক্তি শনাক্ত করা। |

## প্রথম গ্রেডে HIV শিক্ষা

প্রথম গ্রেডের অনুশীলনীতে সেসব মৌলিক ধারণা ও দক্ষতা অন্তর্ভুক্ত করা হয় যা শিক্ষার্থীর ভবিষ্যত HIV রোধ শিক্ষা-নির্দেশনার এবং সারা জীবন সুস্থ থাকার জন্য প্রয়োজন হবে।

| পাঠ বা লেসন # | পাঠ বা লেসনের শিরোনাম | ধারণা ও দক্ষতার প্রতি অভিনিবেশ |
|---|---|---|
| 1 | রোগসমূহ: আমরা কীভাবে আক্রান্ত হই, আমরা কীভাবে সেগুলো প্রতিরোধ করতে পারি | ▪ কিছু রোগ, কীভাবে সহজে সংক্রমিত হয়, সহজে সংক্রমিত হয় না, এবং একজন থেকে আরেকজনে সংক্রমিত হতে পারে না, তা শেখা।<br>▪ ভ্যাকসিন সহ, রোগ-জীবাণু প্রতিরোধ করার উপায় শেখা। |
| 2 | সুপারহিরো ইমিউন সিস্টেম (শক্তিশালী রোগ প্রতিরোধ ব্যবস্থা)! | ▪ জীবাণু কী এবং এগুলো কীভাবে একজনকে অসুস্থ করে তা শেখা।<br>▪ রোগ-প্রতিরোধ ব্যবস্থা কীভাবে কাজ করে তা বোঝা। |
| 3 | সীমা বা গণ্ডি সম্পর্কে জানা | ▪ নিজস্ব সীমা অবহিতকরণ।<br>▪ প্রত্যাখ্যান মেনে নেয়া (কোনও বন্ধু "না" বললে তা কীভাবে মেনে নেয়া যায়)। |
| 4 | একজন উপকারী বন্ধু হওয়া | ▪ কীসে একজন ভাল বন্ধু হয় এবং কীভাবে সেরকম একজন হওয়া যায় তা বোঝা।<br>▪ সুস্থতা ও নিরাপত্তায় সহায়তা প্রয়োজন এমন কোনো বন্ধুর জন্য আস্থাভাজন প্রাপ্তবয়স্ক শনাক্ত করা। |
| 5 | সহানুভুতি গড়ে তোলা | ▪ সহানুভুতির সংজ্ঞাদান।<br>▪ ভালো বন্ধুত্ব বজায় করতে অন্যদের সাথে কীভাবে সহানুভূতিসুলভ আচরণ করা উচিত তা শেখা। |

## দ্বিতীয় গ্রেডে HIV শিক্ষা

দ্বিতীয় গ্রেডের অনুশীলনীতে সেসব মৌলিক ধারণা ও দক্ষতা অন্তর্ভুক্ত করা হয় যা শিক্ষার্থীর ভবিষ্যত HIV রোধ শিক্ষা-নির্দেশনার এবং সারা জীবন সুস্থ থাকার জন্য প্রয়োজন হবে।

| পাঠ বা লেসন # | পাঠ বা লেসনের শিরোনাম | ধারণা ও দক্ষতার প্রতি অভিনিবেশ |
|---|---|---|
| 1 | জীবাণু আমাদেরকে অসুস্থ করে | ▪ কীভাবে জীবাণু মানুষকে অসুস্থ করে সেটি শেখা।<br>▪ অসুস্থতা প্রতিরোধে একটি স্বাস্থ্যকর প্রতিরোধ ক্ষমতা ব্যবস্থা গড়ে তোলার বিভিন্ন উপায় সম্পর্কে জানা।<br>▪ শরীরকে অসুস্থতার বিরুদ্ধে লড়াইয়ে সহায়তাদানে স্বাস্থ্যকর লক্ষ্য তৈরি। |
| 2 | অবিশ্বাস্য রোগ-প্রতিরোধ ব্যবস্থা! | ▪ জীবাণুর বিরুদ্ধে লড়াই করতে রোগ-প্রতিরোধ ব্যবস্থা কীভাবে কাজ করে তা বোঝা.<br>▪ রোগ প্রতিরোধ ব্যবস্থা সুস্থ রাখায় মৌলিক অভ্যাসসমূহ শেখা। |
| 3 | দীর্ঘ-মেয়াদী রোগ সম্পর্কে জানা | ▪ বিভিন্ন দীর্ঘমেয়াদী এবং স্বল্প মেয়াদী রোগের পার্থক্য শেখা।<br>▪ কোনো দীর্ঘমেয়াদী রোগীর প্রতি কীভাবে সহানুভুতি প্রদর্শন করতে হয় তা অনুশীলন করা। |
| 4 | রক্ত সুরক্ষা | ▪ কিছু রোগ রক্তের মাধ্যমে ছড়ায় তা বোঝা।<br>▪ রক্তের মাধ্যমে জীবাণু সংক্রমণ রোধ করতে স্বাস্থ্যকর আচরণ অনুশীলন করা। |
| 5 | ঔষধে সুরক্ষা | ▪ কীভাবে এবং কেন ঔষধ সঠিকভাবে নিতে হয় তা বোঝা।<br>▪ কেউ অসুস্থ হলে বা কারো সহায়তার প্রয়োজন হলে আস্থাভাজন সহায়তাদানকারী প্রাপ্ত-বয়স্ক ব্যক্তিদের শনাক্ত করা। |

# তৃতীয় গ্রেডে HIV শিক্ষা

তৃতীয় গ্রেডের অনুশীলনীতে সেসব মৌলিক ধারণা ও দক্ষতা অন্তর্ভুক্ত করা হয় যা শিক্ষার্থীর ভবিষ্যত HIV রোধ শিক্ষা-নির্দেশনার এবং সারা জীবন সুস্থ থাকার জন্য প্রয়োজন হবে।

| পাঠ বা লেসন # | পাঠ বা লেসনের শিরোনাম | ধারণা ও দক্ষতার প্রতি অভিনিবেশ |
|---|---|---|
| 1 | পরিষ্কার-পরিচ্ছন্নতার স্বাস্থ্যবিধি-সম্মত অভ্যাসসমূহ | ▪ ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতার স্বাস্থ্যবিধি শেখার গুরুত্ব।<br>▪ স্বাস্থ্যকর অভ্যাস শুরু অথবা অব্যাহত রাখতে একটি লক্ষ্য তৈরি করা। |
| 2 | আসুন জীবাণু নিয়ে কথা বলি | ▪ বিভিন্ন জীবাণু এবং কীভাবে তারা অসুস্থতার কারণ হতে পারে সেসব জানা।<br>▪ জীবাণু ছড়ানো রোধ করতে হাত ধোয়ার অভ্যাস করা। |
| 3 | রোগের লক্ষণ প্রকাশ করা | ▪ মৌলিক লক্ষণ যা নির্দেশ করে কেউ অসুস্থ হয়ে পড়েছে সেটি শেখা।<br>▪ অসুস্থতার উপসর্গগুলো নিয়ে আস্থা বা বিশ্বাসভাজন প্রাপ্তবয়স্কদের সাথে কথপোকথন। |
| 4 | HIV কী? | ▪ HIV-এর সংজ্ঞাদান এবং রোগ প্রতিরোধ ব্যবস্থায় এটার প্রতিকুল প্রভাব বর্ণনা করা।<br>▪ রক্তের মাধ্যমে এক ব্যক্তি থেকে আরেক ব্যক্তির মধ্যে HIV ছড়াতে পারে এবং কীভাবে তা ছড়াবে না তা শেখা।<br>▪ এটা বোঝা যে, HIV এমন একটি রোগ যা নিয়ে মানুষ বেঁচে থাকতে এবং জীবনভর তা নিয়ন্ত্রণ করতে পারে। |
| 5 | স্বাস্থ্য সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে তিনটি পদক্ষেপ | ▪ স্বাস্থ্যসম্মত সিদ্ধান্ত গ্রহণে সহায়ক বৈশিষ্ট্যসমূহ শনাক্তকরণ।<br>▪ সিদ্ধান্ত-গ্রহণের ধাপসমূহ ব্যবহার করে একটি স্বাস্থ্যসম্মত উপায় কীভাবে বেছে নেয়া যায় তা অনুশীলন করা। |

## চতুর্থ গ্রেডে HIV শিক্ষা

চতুর্থ গ্রেডের পাঠ্যবিষয়ে অন্তর্ভুক্ত আছে শিক্ষার্থীদের HIV নিয়ে বেঁচে আছেন এমন ব্যক্তিদের জীবনব্যাপী সুস্থতা ও সহানুভূতির জন্য প্রয়োজনীয় মৌলিক ধারণা ও দক্ষতাসমূহ।

| পাঠ বা লেসন # | পাঠ বা লেসনের শিরোনাম | ধারণা ও দক্ষতার প্রতি অভিনিবেশ |
|---|---|---|
| 1 | সংক্রামক রোগসমূহ | ▪ যেসব রোগ এক ব্যক্তি থেকে আরেক ব্যক্তির মধ্যে ছড়াতে পারে বা পারে না, সেগুলোর মধ্যকার পার্থক্য বোঝা।<br>▪ সাধারণ অসুস্থতাসমূহের বিভিন্ন লক্ষণের বিবরণ।<br>▪ স্বাস্থ্য সম্পর্কিত কোনো সমস্যা অনুভূত হলে সহায়তার অনুরোধ করা যায় এমন আস্থাভাজন ব্যক্তিকে শনাক্ত করা। |
| 2 | HIV-এর মৌলিক বিষয়সমূহ | ▪ HIV এবং AIDS-এর মধ্যকার পার্থক্য জানা।<br>▪ HIV কীভাবে অন্যদের মাঝে ছড়াতে পারে এবং পারেনা তা বোঝা। |
| 3 | কার্যকর ভাব বিনিময় এবং আমাদের স্বাস্থ্য | ▪ অন্যদের সাথে স্পষ্টভাবে ভাব বিনিময়ের পদ্ধতি শেখা।<br>▪ HIV সম্পর্কে কীভাবে কথা বলতে হয় তা অনুশীলন। |
| 4 | নিজের জন্য পক্ষাবলম্বন (অ্যাডভোকেট) করা | ▪ নিজের এবং অন্যদের জন্য পক্ষাবলম্বন (অ্যাডভোকেট) করার অর্থ কী, তা শেখা।<br>▪ আপনি অন্যদের অন্যায্য আচরণের ভুক্তভোগী হলে এবং সহায়তার প্রয়োজন হলে আপনার নিজের পক্ষে কীভাবে কথা বলবেন, সেটি শেখা। |
| 5 | অন্যদের পক্ষাবলম্বন করা | ▪ পূর্বসংস্কার বলতে কী বোঝায় এবং পূর্বসংস্কারের উদাহরণ চেনার উপায় শেখা।<br>▪ কোনো স্কুল কমিউনিটির একটি সমস্যা সমাধানে একটি অ্যাডভোকেসি পরিকল্পনা তৈরি করুন। |

## পঞ্চম গ্রেডে HIV শিক্ষা

পঞ্চম গ্রেডের পাঠ্যবিষয়ে অন্তর্ভুক্ত আছে শিক্ষার্থীদের ভবিষ্যত HIV শিক্ষা-নির্দেশনার পাশাপাশি যারা HIV নিয়ে বেঁচে আছেন, তাদের জীবনব্যাপী সুস্থতা ও সহানুভূতির জন্য প্রয়োজনীয় মৌলিক ধারণা ও দক্ষতাসমূহ।

| পাঠ বা লেসন # | পাঠ বা লেসনের শিরোনাম | ধারণা ও দক্ষতার প্রতি অভিনিবেশ |
|---|---|---|
| 1 | HIV সম্পর্কে আপনি কী জানেন? | ▪ একজন থেকে আরেক জনের মাঝে HIV সংক্রমণের প্রাথমিক উপায়গুলি সম্পর্কে শেখা।<br>▪ HIV নিয়ে বেঁচে থাকা মানুষরা ঔষধ সেবনের মাধ্যমে কীভাবে সুস্থভাবে বেঁচে থাকতে পারে তা বোঝে। |
| 2 | কুসংস্কার কী? | ▪ কুসংস্কার ও বৈষম্য সংজ্ঞায়িত করা<br>▪ HIV অথবা যেকোনো শারীরিক বা মানসিক অসুস্থতা নিয়ে বেঁচে থাকা মানুষের প্রতি কীভাবে অন্যদের মতো সমান ন্যায্যতা এবং দয়া প্রদর্শন করবেন তা শেখা। |
| 3 | আস্থাশীল স্বাস্থ্য বিষয়ক তথ্য শনাক্তকরণ | ▪ HIV এবং AIDS সম্পর্কে জানতে বিশ্বস্ত প্রাপ্তবয়স্ক এবং হালনাগাদ তথ্য-উপকরণ শনাক্তকরণ।<br>▪ HIV সম্পর্কে কোনো তথ্য-উপকরণ সঠিক কিনা সেটি পর্যালোচনার উপায় শেখা। |
| 4 | সুস্থ কমিউনিটির জন্য পক্ষাবলম্বন | ▪ নিউ ইয়র্ক সিটির সকল শিক্ষার্থীর স্বাস্থ্য সেবা এবং শিক্ষার অধিকার আছে তা জানা।<br>▪ কিছু শিক্ষার্থীর জন্য স্কুলে অংশগ্রহণ অথবা স্বাস্থ্য সেবা লাভে যেসব বাধা চ্যালেঞ্জিং হতে পারে সেগুলো শনাক্ত করা।<br>▪ নিউ ইয়র্কে ছেলেমেয়েদের স্বাস্থ্যের উন্নতিতে পরিবর্তনের জন্য কীভাবে পক্ষাবলম্বন করা যায় তা অনুশীলন। |
| 5 | সবার প্রতি শ্রদ্ধা | ▪ নিজের এবং অন্যদের জন্য পক্ষাবলম্বনে যেসব ধাপ ব্যবহার করা যেতে পারে সেগুলো পর্যালোচনা করা।<br>▪ স্বাস্থ্যগত সমস্যার কারণে কেউ মাস্তানির (বুলিইং) শিকার হলে সে পরিস্থিতি মোকাবেলা করার অনুশীলন। |